

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মার্চ ২৪, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ  
কমিটি বিষয়ক শাখা

## প্রজ্ঞাপন

ঢাকা, ২০ মার্চ ২০১৪/০৬ চৈত্র ১৪২০

নম্বর:-০৮.০০.০০০০.৬১১.০০৬.০৩.১৪.৬২—সরকার বিদেশে অবস্থানরত আসামী (বাংলাদেশের নাগরিক) দেরকে বিচারার্থে ও দণ্ডনার্থে বাংলাদেশে আনয়নের বিষয় পর্যালোচনা ও এ সম্পর্কে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নিমিত্ত নিম্নরূপভাবে টাক্ষ্ফোর্স গঠন করেছে :

### (ক) টাক্ষ্ফোর্সের গঠন :

- |      |                                                |          |
|------|------------------------------------------------|----------|
| (১)  | মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  | - সভাপতি |
| (২)  | মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়                 | - সদস্য  |
| (৩)  | প্রতিমন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়           | - সদস্য  |
| (৪)  | এটনী জেনারেল, বাংলাদেশ                         | - সদস্য  |
| (৫)  | সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়           | - সদস্য  |
| (৬)  | মহা-পুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স      | - সদস্য  |
| (৭)  | মহাপরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদণ্ডন   | - সদস্য  |
| (৮)  | সচিব, আইন ও বিচার বিভাগ                        | - সদস্য  |
| (৯)  | সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়                    | - সদস্য  |
| (১০) | মহা-পরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা | - সদস্য  |

(১০৭০৭)

মূল্য : টাকা ৮.০০

## (খ) টাক্সফোর্স-এর কার্যপরিধি :

- (১) বিদেশে অবস্থানরত আসামী (বাংলাদেশের নাগরিক) দেরকে বিচারার্থে ও দণ্ডনার্থে বাংলাদেশে আনয়নের উদ্দেশ্যে তাদের নামের তালিকা প্রণয়ন;
  - (২) যথাযথ সূত্র ব্যবহার করে বিদেশে আসামীদের অবস্থান চিহ্নিতকরণ;
  - (৩) সংশ্লিষ্ট দেশ হতে আসামীদেরকে দেশে ফিরিয়ে আনার উপায় নির্ধারণ এবং ফেরৎ আনার কার্যক্রম তদারকি;
  - (৪) কেন্দ্র আসামী ইতোমধ্যে বিদেশে নাগরিকত্ব গ্রহণ করে থাকলে সেক্ষেত্রে তাকে ফিরিয়ে আনার উপায় নির্ধারণ ও এ সংক্রান্ত কার্যক্রম তদারকি;
  - (৫) এতদ্সংক্রান্ত অন্য সকল কার্যক্রম।
- (গ) উক্ত ‘টাক্সফোর্স’-এর কার্যক্রম পূর্বের ধারাবাহিকতায় পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত অব্যাহত থাকবে।
- (ঘ) স্বরাষ্ট্র মন্ত্রণালয় উক্ত ‘টাক্সফোর্স’-কে সাচিবিক সহায়তা প্রদান করবে।
- (ঙ) এ ‘টাক্সফোর্স’ প্রয়োজনে যে কাউকে কো-অপ্ট করতে পারবে।
- ২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নূরুল করিম  
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)